গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কারমাইকেল কলেজ,রংপুর।

"বিজ্ঞপ্তি"

বিজ্ঞপ্তি নংঃ ২৬৫ তারিখঃ ১৮.০৭.২০১৬

এতদ্বারা সংশ্লিষ্ট সকল বিভাগের সম্মানিত বিভাগীয় প্রধানগণের অবগতির জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নম্বরঃ ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১৯.১৬-৮৭ তারিখঃ ১০/০৭/২০১৬ খ্রিঃ মোতাবেক যে সকল শিক্ষার্থী যুক্তিসঙ্গত কারণ ছাড়া ১০ (দশ) দিনের বেশি অনুপস্থিত রয়েছে তাদের সনাক্ত পূর্বক অভিভাবকের নিকট পত্র প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য অনার্স ও মাস্টার্স শিক্ষার্থীদের অনলাইনে পূরণকৃত ভর্তি ফরম রোল নম্বর অনুযায়ী সাজিয়ে বাঁধাই করে ০১ কপি বিভাগে সংরক্ষণ ও ০১ কপি কলেজ অফিসে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

১৮/৭/১৬
অধ্যক্ষ
কারমাইকেল কলেজ, রংপুর।
প্রফেসর বিনতে হুসাইন নাসরিন বানু-৫২৬৩
অধ্যক্ষ
কারমাইকেল কলেজ রংপুর
১৮/৭/২০১৬

কারমাইকেল কলেজ রংপুর
ডায়রী নম্বর...৬৭৬...
তারিখ...২১/৭/১৬...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা-১১ (মাধ্যমিক-১)

নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১৯.১৬-৮৭

তারিখ ঃ ২৬ আষাঢ়, ১৪২৩ / ১০ জুলাই, ২০১৬

বিষয় ঃ যুক্তিসঙ্গত কারণ ছাড়া দীর্ঘদিন অনুপস্থিত শিক্ষার্থীদের সনাক্তকরণ।

গত ০১ জুলাই ২০১৬ তারিখে গুলশানের হলি আর্টিসান রেস্টুরেন্টে এক সন্ত্রাসী হামলায় ২০জন নিরীহ দেশি-বিদেশি মানুষ প্রাণ হারান। এর পরই গত ০৭ জুলাই পবিত্র ঈদ-উল-ফিত্‌র এর দিন শোলাকিয়া ঈদগাহ মাঠের সন্নিকটে সন্ত্রাসীরা হামলা চালায়। এ হামলায় পুলিশ বাহিনীর দু'জন সদস্যসহ একজন মহিলা প্রাণ হারান এবং অনেক নিরীহ মানুষ আহত হন। গুলশানের ঘটনায় লক্ষ্য করা গেছে যে, কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা হঠাৎ করে নিখোঁজ হয়ে পরবর্তীতে নাশকতামূলক কর্মকান্ডে লিপ্ত হচ্ছে। অনুরূপভাবে আরো কিছু শিক্ষার্থী নিখোঁজ থাকতে পারে বলে সন্দেহ করা হচ্ছে। এদের নানান নাশকতামূলক কর্মকাণ্ডে জড়িয়ে পড়ার আশঙ্কা উড়িয়ে দেয়া যায় না। দেশের আইনশৃঙ্খলা বাহিনী এ সমস্যা সম্পর্কে সজাগ আছে এবং যে কোন নাশকতামূলক কার্যক্রম মোকাবেলার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছে। উদ্ভূত পরিস্থিতি মোকাবেলার জন্য মাননীয় প্রধানমন্ত্রী প্রয়োজনীয় দিক্‌নির্দেশনা প্রদান করেছেন।

০২। বর্তমান প্রেক্ষাপটে কোন শিক্ষার্থী যাতে বিভ্রান্ত ও বিপথগামী না হতে পারে সেজন্য শিক্ষা প্রতিষ্ঠানকেও কার্যকর ভূমিকা পালন করতে হবে। উদ্ভূত পরিস্থিতি মোকাবিলার জন্য নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ-

ক. যুক্তিসঙ্গত কারণ ছাড়া ১০(দশ) দিনের বেশি অনুপস্থিত শিক্ষার্থীদের সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান সনাক্ত করবে এবং তাদের অভিভাবকের সঙ্গে আলোচনার পর অনুপস্থিতির কারণ সন্দেহজনক বলে প্রতীয়মান হলে লিখিতভাবে উক্ত শিক্ষার্থীদের তথ্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অবহিত করবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রাপ্ত তথ্য উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে জেলা প্রশাসককে অবহিত করবেন। মেট্রোপলিটন এলাকায় অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে এরূপ তথ্য জেলা প্রশাসকের নিকট প্রেরণ করবে। সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহ এরূপ তথ্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনকে অবহিত রেখে জেলা প্রশাসকের নিকট প্রেরণ করবে। তথ্য প্রাপ্তির পর জেলা প্রশাসক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

খ. শিক্ষা প্রতিষ্ঠান প্রত্যেক শিক্ষার্থীর অভিভাবকের ঠিকানা ও মোবাইল ফোন নম্বর সংরক্ষণ করবে এবং কোন শিক্ষার্থীর অনুপস্থিতির কারণ সন্দেহজনক প্রতীয়মান হলে অভিভাবকের সঙ্গে আলোচনা করবে।

গ. বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, মাদরাসা শিক্ষা অধিদপ্তর ও কারিগরি শিক্ষা অধিদপ্তর তাদের আওতাভুক্ত প্রতিষ্ঠানের উল্লিখিত কার্যক্রম তদারকি ও যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করবে।

০৩। এমতাবস্থায়, মাধ্যমিক ও তদূর্দ্ধ পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে উপর্যুক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(এ.এস. মাহমুদ)
সচিবের রুটিন দায়িত্বে

১। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, স্কাউট ভবন, ঢাকা।
৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১৯.১৬-৮৭

তারিখ ঃ ২৬ আষাঢ়, ১৪২৩ / ১০ জুলাই, ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়,তেজগাঁও ,ঢাকা।
২। সিনিয়র সচিব জনপ্রশাসন মন্ত্রণালয়/সিনিয়র সচিব স্বরাষ্ট্র মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়,ঢাকা ।
৩। বিভাগীয় কমিশনার (সকল)।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। জেলা প্রশাসক (সকল)।
৬। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল)।
৭। সচিবের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
১০। জেলা শিক্ষা অফিসার (সকল)।
১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
১২। অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ/উন্নয়ন/বিশ্ববিদ্যালয়/কলেজ/কারিগরি/মাদ্রাসা/মাধ্যমিক)/অডিট ও আইন/যুগ্মসচিব(মাধ্যমিক)-এর ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(অসীম কুমার কর্মকার)
সহকারী সচিব
ফোন ঃ ৯৫৭০৬৭২